(একই তারিখ ও স্মারকের স্থলে প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-৩০৩ তারিখ : ২২/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।

রাজৈর উপজেলা পরিষদের মার্চ-২০২৩ খ্রি মাসের সাধারণ সভা আগামী ২৭ মার্চ, ২০২৩ খ্রি তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

(মোঃ আনিসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর ।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ...........................ইউপি, রাজৈর।
জনাব........................................................
.........................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzprajoir@gmail.com/ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

# উপজেলা পরিষদের মার্চ-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

1

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর

স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স, রাজৈর, মাদারীপুর।

তারিখ : ২৭/০৩/২০২৩ খ্রিঃ। সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা হয়।

০২। <u>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ-</u> (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী ভাতা ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা, উপজেলা পরিষদের কর্মচারীর মার্চ-২০২৩ খ্রি মাসের বেতন ভাতা ৩৪,১০০/- (চৌত্রিশ হাজার একশত) টাকা, এছাড়াও উপজেলা পরিষদের মাসিক বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে মাসিক মনোহারী/আনুষঙ্গিক (কাগজ, কলম, পত্রিকা বিল ইত্যাদি) মালামাল ক্রয় বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, উপজেলা পরিষদের মাসিক ইন্টারনেট বিল ২,০০০/- (দুই হাজার) টাকা। উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত</u>- উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা চেয়ারম্যান, রাজৈর, মাদারীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য বরাদ্দকৃত জীপগাড়ি নং-মাদারীপুর ঘ-১১-০০১৮ এর মেরামত/নতুন মালামাল সংযোজন করে ব্যবহার উপযোগী করার জন্য গত ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রি তারিখের ০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০১৫.১৪-১৫ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। সেমোতাবেক একই মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখার ০৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.৪৫৪.১২.৮২ নং স্মারক পত্রের মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের জন্য আদেশ জারী করা হয়েছে। উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত করা হয়েছে। এমতাবস্থায় উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৩। <u>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ-</u> উপজেলা প্রকৌশলী, রাজৈর নিম্নবর্ণিত প্রকল্পগুলি ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে নিম্নবর্ণিত সভাপতি ও সাধারণ সম্পাদকের মাধ্যমে পূর্ণাঙ্গ প্রকল্প বাস্তবায়ন কমিটির দ্বারা ইটের সোলিং কাজ বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।

সুতারকান্দি আশ্রয়ন প্রকল্পের রাস্তা ইটের সোলিং- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আলী, ইউপি সদস্য, বাজিতপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব শহিদুল ইসলাম, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

আমগ্রাম সিরাজকাঠি পান্দুয়া বিকাশ বালার বাড়ি হতে বিজয় বালার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব হায়দার আলী মিয়া, ইউপি সদস্য, আমগ্রাম ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মিলন মিয়া, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৪। <u>বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমঃ</u>

(ক) <u>উপজেলা কৃষি বিভাগঃ</u>- উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

সারের প্রতিবেদন, মার্চ/২৩

| বরাদ্দ | | | | উত্তোলন | | | | মজুদ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ইউরিয়া | ডিএপি | এমওপি | টিএসপি | ইউরিয়া | ডিএপি | এমওপি | টিএসপি | ইউরিয়া | ডিএপি | এমওপি | টিএসপি |
| ২৯৭ | ১০৫ | ৭৫ | ১৫ | ২৯৭ | ১০৫ | ৭৫ | ১৫ | ১০ | ১ | - | - |

কৃষি প্রনোদনা/২৩

| তোষা পাট | | | অতিথ ফসল | | | |
|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | বরাদ্দ | বিতরণ | লক্ষ্যমাত্রা | বরাদ্দ | বিতরণ (অর্জন) | |
| ৩৩০০ | ৩৩০০ | ৩৩০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | |

আউশ আবাদ (হেক্টর) — পাট আবাদ (হেক্টর)

| লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৭৫ | - | - | ৬৯০১ | ১০০০ | চলমান |

আউশ বীজতলা-১ (হেক্টর)

২০২২-২০২৩ অর্থ বছরের বোরো মৌসুমে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য আবেদন কৃষক পর্যায়ে শেষ তারিখ ৩০ মার্চ/২৩

| কৃষি যন্ত্রের নাম | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কম্বাইন্ড হারভেস্টার | রাইস ট্রান্সপ্লান্টার | পাওয়ার থ্রেসার | মেইজ শেলার | রিপার | রিপার বাইন্ডার | ড্রায়ার | পাওয়ার স্প্রেয়ার | পাওয়ার উইডার | পটেটো ডিগার | ক্যারেট ওয়াশার |

বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর সভায় বলেন হাসপাতালের জরুরীবিভাগের পিছনে একটি রেইনট্রি গাছ ঝড়ে গোড়াসহ উপড়ে পড়ে সীমানা প্রাচীর ভেঙে পড়েছে। এতে হাসপাতালের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। নিরাপত্তার স্বার্থে দ্রুত গাছটি বিক্রয়পূর্বক অপসারণ করা প্রয়োজন। সীমিত আকারে হাসপাতালে সিজারিয়ান ও প্যাথলজী সেবা চালু করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(গ) প্রাণি সম্পদ বিভাগঃ- উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তাঁর বিভাগীয় কর্মকান্ড উপস্থাপন করেন।

গবাদি পশুর টিকা প্রদান ৩৫০০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান ২৩৭০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদান ১৪৮৫ টি, হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান ২১৫৫৫ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৮ টি, কৃত্রিম প্রজনন ৬৬৭ টি, সংকর জাতের বাছুরের তথ্য ২৫৬ টি, গবাদি পশুর খামার স্থাপন ০ টি, হাঁস মুরগির খামার স্থাপন ০ টি, খামার পরিদর্শন ০৭ টি, উঠান বৈঠকের আয়োজন ০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ০ জন, উন্নত জাতের ঘাসের চাষ ০১ একর। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)ঃ- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর সভায় জানান যে, চরমস্তফাপুর হতে শাখারপাড় পর্যন্ত রাস্তা অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল। সে মোতাবেক রাস্তার কাজ অনুমোদিত হয়েছে। সিডিউল সংশোধন হওয়ার কারনে প্রাক্কলন অনুমোদনের জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে। কবিরাজপুর কালভার্টের এ্যাপ্রোচে মাটি দেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখাঃ- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর কাবিখা ১ম পর্যায়ে ৭৫% কাজ সমাপ্ত হয়েছে এবং ২য় পর্যায়ের কাবিখা সাধারণ ৪৫% সমাপ্ত হয়েছে। বীর নিবাস ১ম পর্যায়ে ০৯ টি গৃহের কাজ ১০০% সমাপ্ত এবং ২য় পর্যায়ে ৫৮ টি গৃহের ৭৫% কাজ সমাপ্ত হয়েছে। এইচবিবি বরাদ্দকৃত ১ কিঃ মিঃ এর কাজ ৬৫% সমাপ্ত হয়েছে। সাজ্জিরাবাদ আফতাব উদ্দীন মিনা বন্যা আশ্রয়ন কেন্দ্র ৯২%, ইশিবপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়ন কেন্দ্রের কাজ ৩০% সমাপ্ত ও শেখ রাসেল বন্যা আশ্রয়ন কেন্দ্রের কাজ শুরু করা হয়েছে। কাবিখা, কাবিটা, টিআর সাধারণ/বিশেষ নির্বাচনী এলাকা/বিশেষ সংরক্ষিত মহিলা/ পৌরসভাসহ সকল তালিকা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করা হয়েছে। অনুমোদন হলে কার্যক্রম শুরু হবে। আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ ৪টি ধাপে এ পর্যন্ত ৩৬৮ টি ১০০% সমাপ্ত হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা শিক্ষা বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, ২০২৩ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে প্রাপ্ত পাঠ্যপুস্তক ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ১০০% প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ গত ২১/০৩/২০২৩ খ্রি তারিখ মঙ্গলবার অত্র উপজেলায় সমাপ্ত হয়েছে। জেলা পর্যায়ে প্রতিযোগিতা আগামী ০২/০৪/২০২৩ খ্রি তারিখ অনুষ্ঠিত হবে। এনটিআরসিএ কর্তৃক শূন্য পদের চাহিদা পত্র দেওয়া হয়েছে। আগামী ১৩/০৪/২০২৩ খ্রি তারিখের মধ্যে উক্ত চাহিদা প্রেরণ করার জন্য বলা হলো। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।

(জ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেনঃ

| খাবার বড়ি | | ইনজেকটাবল | | কনডম | | আইইউডি | | ইমপ্লান্ট | | স্থায়ী পদ্ধতি | | গ্রহণকারীর হার CAR |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | |
| ১৫৭২ | ৭৫০ | ৭৬৬ | ২১২ | ২৮২ | ৮২ | ০২ | ০ | ৭৭ | ৫৮ | ২০ | ১০ | ৭৬% |

মোট সক্ষম দম্পতি ৪৮৭১৫ জন, গ্রহণকারী ৩৬৭৯১ জন। এছাড়া, সপ্তাহে সোমবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সে বন্ধ্যাত্বকরণ ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঝ) উপজেলা সমাজসেবা বিভাগঃ- উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর বলেন যে, রাজৈর উপজেলার সকল প্রকার ভাতার ৩য় কিস্তির পেরোল সঠিকভাবে প্রেরণ করা হয়েছে। সকল ইউনিয়নের সকল প্রকার ভাতার মৃত্যু প্রতিস্থাপনের কাজ সম্পন্ন করার জন্য প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করছি। প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপ ও নাম্বার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। যে সকল প্রতিবন্ধী ভাতার আওতায় আছে কিন্তু জরিপকার্য সম্পন্ন করে নাই অনতিবিলম্বে তাদের জরিপকার্য সম্পন্ন করার জন্য অবহিত করা হয়েছে। এ ব্যাপারে পৌর মেয়রসহ সকল ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। উপজেলা সমাজসেবা ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় মাতৃকেন্দ্রে ২০৫০০০/- মূল বিনিয়োগ, আর.এস.এস প্রকল্প গ্রামে ১৫৯৬৫০০/- ও প্রতিবন্ধী ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ১৫০০০০/- পুনঃ বিনিয়োগ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের জন্য জনপ্রতি ৫০০০০/- করে ৩৬ জন রোগীর চেক পাওয়া গিয়েছে, যা প্রদানের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঞ) উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা। মোট ঋণ বিতরণ ৩৩০৭২৫০০/- টাকা। আদায়যোগ্য আসল ২৯৯৭২৯৭৫/- টাকা। আদায়কৃত আসল ২৯৮০১৪০৯/- টাকা। ঋণ আদায়ের হার ৯৯.৪২%। মোট ঋণ খেলাপী ২৮৪০৮৭/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ৩৫ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩২৯ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহিতার সংখ্যা (পুঃ ০৬+মঃ ১৬) ২২ জন, যুব ঋণ বিতরণ ১০৩০০০০/- ও প্রশিক্ষণ (পুঃ ০৮+ মঃ ৮২) ৯০ জন, ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৫৬+মঃ ৪২০৬) ৬৩৬২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০৩২+মঃ ২০০১) ৩০৩৩ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৪৪০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৩৩৬৫০০০/- টাকা, আদায়কৃত আসল ৩৩৬৫০০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩১৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৭১+মঃ ১৪৪) ৩১৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ- ৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৪৮৩৩/-টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণীর সংখ্যা ১৫ জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ট) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ- উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

| বিবরণ | লক্ষ্যমাত্রা | | অর্জন | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | মাসে | বছরে | মাসে | বছরে | | |
| সমিতি/দল গঠন | ০১ | ০৩ | ০ | ১ | ২৫% | |
| সদস্য/সদস্যা ভর্তি | ৩৫ | ৩৮৪ | ৩৬ | ২৯২ | ৭৬% | |
| শেয়ার আদায় | .০৬ | .৮০ | ০ | .১২ | ৫০% | |
| সঞ্চয় আদায় | ৫.২৯ | ৬১.৪০ | ৭.৮৪ | ৬৮.৬৬ | ১০০% | |
| ঋণ বিতরণ | ১৪০.০০ | ১৬৫৯.৪৯ | ১৯১.৩২ | ১৪৯৩.৪৫ | ৮৯% | |
| ঋণ আদায় | ২৭২.৫০ | ১৫২০.০৯ | ১৬৬.৮৪ | ১২৫১.৪৫ | ৮২% | |
| প্রশিক্ষণ | ৫০ জন | ১৭৫০ জন | ২৫ | ২৩৩ | ১৩% | |

প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ৮২ টি, গরু মোটাতাজাকরণ- ৬১ টি, হাঁস মুরগি পালন- ৯২ টি, সবজি চাষ- ১২৩ টি, ক্ষুদ্র ব্যবসা- ১০৭ টি ও কৃষি কাজ- ৮৮ টি। সর্বমোট-৫৫৩ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঠ) উপজেলা সমবায় বিভাগঃ- উপজেলা সমবায় কর্মকর্তা তার বিভাগীয় কাজের অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেনঃ-

| ক্রম | বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সমবায় সমিতির সংখ্যা | বিভাগীয় কেন্দ্রীয় | বিভাগীয় প্রাথমিক | | পল্লউন্নয়ন কেন্দ্রীয় | পল্লউন্নয়ন প্রাথমিক |
| | | ০২ টি | ২২৭ টি | | ০১ টি | ১৭৯ টি |
| ০২ | অডিট সংক্রান্ত | অডিট বরাদ্দ | অডিট সম্পন্ন | | | |
| | | ২২৭ টি | প্রাথমিক-২২৭ টি, কেন্দ্রীয়-২ টি | | - | - |
| ০৩ | অডিট ফি | অডিট ফি ধার্য | অডিট ফি আদায় | | - | - |
| | | ৩৫২৫০/- | ৩৫২৫০/- | | - | - |
| ০৪ | সমবায় উন্নয়ন তহবিল | ধার্য | আদায় | | - | - |
| | | ৩৭৫৬৭/- | ৩৭৫৬৭/- | | - | - |
| ০৫ | গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) | ঋণ বিতরণ (ক্রমপুঃ) | ঋণ আদায় (ক্রমপুঃ) | | সার্ভিস চার্জ আদায় | ঋণ পাওনা |
| | | ৪,৭৫,০০০/- | ৩৮৫২৫০/- | | ২৬,১৬০/- | ৮৯৭৫০/- |
| ০৬ | দুগ্ধ প্রকল্প | ঋণ বিতরণ | ঋণ আদায়যোগ্য | আদায়যোগ্য হয়নি | ঋণ আদায় | সার্ভিস চার্জ আদায় |
| | | ৪৬৭.০০ | ৪৩০.৮০ | ৩৬.২০ | ২৬৩.৪৩১ | ৩২.৫৯৮ |

দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমবায় অফিসার, রাজৈর, মাদারীপুর।

(ড) নির্বাচন বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ঢ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ণ) উপজেলা মৎস্য বিভাগঃ- উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, আগামী ০১/০৪/২০২৩ খ্রিঃ হতে ০৭/০৪/২০২৩ খ্রিঃ পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৩ পালিত হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা প্রয়োজন। জাটকা সংরক্ষণ ও ক্ষতিকর জাল (চায়না জাল, কেরেন্ট জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান পরিচালিত হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ও মৎস্য সম্প্রসারণমূলক কাজ উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। সকলের সহযোগিতা কামনা করা হয়।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ত) উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(থ) উপজেলা বন বিভাগঃ- উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ধ) উপজেলা পরিসংখ্যান বিভাগঃ- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম পরিচালনা করেন।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | বিবরণ |
|---|---|---|
| ১ | বিবিএস কর্তৃক চলমান জরিপ | টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরুপণ জরিপ-২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ১-২০ মার্চ পর্যন্ত চলমান ছিল । |
| ২ | ট্যাব বিতরণ | জনশুমারিতে ব্যবহৃত কিছুসংখ্যক ট্যাব ৯ম ও ১০ শ্রেণীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণেরকাজটিও চলমান রয়েছে। |
| ৩ | ফসলের হিসাব | মার্চমাসে ২০টি অপ্রধান ফসলের হিসাব প্রাক্কলন ও ০১ টি প্রধান ফসল (আলু) ফসলের হিসাব প্রাক্কলন জরিপ শেষে নির্ধারিত সময়ে জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। |

দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(থ) উপজেলা হিসাবরক্ষণ অফিসঃ কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(দ) উপজেলা খাদ্য বিভাগঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, ২৭/৩/২০২৩ খ্রিঃ তারিখের টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের মজুদ-ক) চাল ঃ ৩৭৩০.০৯৬ মেঃ টন, খ) গম ঃ ১১০৭.৫৮২ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ১,৭৩,৭১২ খানা। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ জন সুবিধাভোগীদের মধ্যে বর্তমানে যাচাইকৃত/ অনুমোদনকৃত কার্ড সংখ্যা ৬,৭২৬টি। মার্চ/২৩ মাসে এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে।এপ্রিল/২৩ মাসেও এ কার্যক্রম চলমান থাকবে। ভোক্তা প্রতি ৩০ কেজি করে ১৫/- টাকা দরে এ চাল বিক্রয় করা হয়। রাজৈর পৌরসভায় প্রতিদিন (শুক্র, শনি ও সরকারি ছুটি ব্যতীত) খোলা বাজারে মোট ০৩টি ডিলার- প্রত্যেক ডিলারের মাধ্যমে ১.০০০ মেঃ টন করে সর্বমোট ৩.০০ মেঃ টন চাল বিক্রয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।

(ধ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)ঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ন) বিদ্যুৎ বিভাগঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর বিদ্যুৎ বিভাগের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

(১) ২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-০.৪৫১ কিঃ মিঃ ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (জানুয়ারি-২০২৩)ঃ- আবাসিক-২৩২ টি, বানিজ্যিক-২৩ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০ টি, শিল্প-০৫ টি, সেচ-১৮, অটো চার্জ স্টেশন-০, অন্যান্য-০, মোট-২৭৮ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৩৩৫১ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া জানুয়ারি-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ৯৪৮৪৭০/- টাকা।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।

(প) পল্লী সঞ্চয় ব্যাংকঃ- শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রমিক নং | উপজেলার নাম | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | সঞ্চয় আদায় | | | উৎসাহ ও বোনাস প্রাপ্তি | ঋণ তহবিল প্রদান | সমিতির মোট তহবিল | প্রকল্পের মোট তহবিল | বার্ষিক লক্ষমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | ৬ মাসের বার্ষিক | ক্রমঃ | | | | | |
| ০১ | রাজৈর | ২২২ | ১০২৬৫ | ১.৫৪ | ১৫.৭২ | ৫৩৫.৬৩ | ৩৫৯.৭৬ | ৫৬৮.৪০ | ১৫৮.১৬ | ১৪২৩.৭৮ | ১০.৪৪ |

| ঋণ বিতরণ | | | | | বার্ষিক আদায়যোগ্য | ঋণ আদায় | | | | | ক্রমিক বকেয়া | [illegible] | [illegible] | [illegible] | মোট পাওনা ঋণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | লক্ষমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | | | | |
| ১.৩৭ | ৮৩.১০ | ৭৯১.৫১ | ৯৮% | ৬৪২৯.০৭ | ১৯.৭৮ | ১১৫৫.০ | ৯৭.১৩ | ৮৩৫.৪১ | ৮৫% | ৪৬০০.০৮ | ৪৭৭.১৩ | ১৬৬.১৪ | ২১২.৯৮ | ২৬৮.০৭ | ১৫৩৫.৬৬ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।

(ফ) উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ঘ) <u>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ)ঃ</u>- ইউডিএফ, রাজৈর সভায় জানান যে, সারা বাংলাদেশের পারফরম্যান্স উপজেলায় ষষ্ঠ পর্যায়ের বরাদ্দ আগামী মে মাসে দেয়ার সম্ভাবনা রয়েছে। ষষ্ঠ পর্যায়ের বরাদ্দ হতে কি কি প্রকল্প গ্রহণ করা যায় সে বিষয় সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। সে মোতাবেক নিম্নবর্ণিত ০৩ টি উপপ্রকল্প পাওয়া যায়। ১। রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়ে একটি মাল্টিপারপাস হলরুম নির্মাণ, ২। পাইকপাড়া ইউনিয়নের দামেরচর বাজারে একটি ও আমগ্রাম ইউনিয়নের আমগ্রাম বাজারে একটি টয়লেট নির্মাণ, ৩। রাজৈর উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট এলইডি টিভি সরবরাহ। বর্ণিত প্রকল্পগুলি প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

<u>সিদ্ধান্তঃ</u>- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নেঃ</u>- ইউডিএফ, রাজৈর, মাদারীপুর।

০৫। <u>নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনাঃ</u>- উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সেই সাথে কেউ যেন ভোগ্যপণ্যে কোন প্রকারের ভেজাল দিতে না পারে সেদিকে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরও জানান যে, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। খাদ্যে ভেজাল সংক্রান্ত কোন তথ্য জানার পর তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন, রাজৈরকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন।

<u>সিদ্ধান্তঃ</u> উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। <u>উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয় ও বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ অন্যান্যদের আলোচনা ও সুপারিশঃ</u>-

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ রাজৈর, সভায় বলেন আইডি নম্বরযুক্ত বিভিন্ন রাস্তার তালিকা প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। উপজেলার বিভিন্ন রাস্তা, কালভার্ট ইত্যাদি উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়মিত তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্তঃ</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন যে, ইসলামিক ফাউন্ডেশন হতে রাজৈর উপজেলায় এ বছর চার লক্ষ টাকা যাকাত সংগ্রহের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক যাকাত আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য সকলের প্রতি অনুরোধ করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা'র ১৫-০৮-২০০৭ খ্রি তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিক্রিযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় কমিটিতে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি কর্তৃক একজন ইউপি চেয়ারম্যান মনোনীত করা বিধান রয়েছে। সে মোতাবেক জনাব গোলাম ফারুক হাওলাদার, চেয়ারম্যান, কদমবাড়ী ইউপি, রাজৈরকে মনোনীত করার জন্য প্রস্তাব করেন। রাজৈর উপজেলা পরিষদ চত্বরে ঝড়ে পড়া দুইটি রেইন্ট্রি, একটি মেহগনি গাছ ও বিভিন্ন প্রজাতির কাটা ২৭ টুকরা গাছের গুড়ি উপজেলা বন কর্মকর্তা, রাজৈর কর্তৃক ৩৬,৩৩৯/- (ছত্রিশ হাজার তিনশত উনচল্লিশ) টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে। বর্ণিত অর্থে বিক্রয়ের অনুমোদনের জন্য জেলা প্রশাসক, মাদারীপুর মহোদয়ের নিকট প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন। প্রতি মাসের আইন শৃংখলা সভা এবং সাধারণ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সকল তথ্য নিয়মিত ওয়েব সাইটে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্তঃ</u> বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা ভাইস চেয়ারম্যান, রাজৈর সভায় জানান যে, উপজেলার মোট ৩০% কৃষি জমি আমগ্রাম ইউনিয়নে। এখানে নিয়মিত পানি সরবরাহ ও নিষ্কাশনের জন্য ব্যবস্থা নেয়া প্রয়োজন। নয়াকান্দি গ্রামের মধ্যদিয়ে ১০০০ মিঃ রাস্তার মধ্যে ৫০০ মিঃ পৌরসভা ও ৫০০ মিঃ রাস্তা আমগ্রাম ইউনিয়নের অন্তর্গত। রাস্তাটি মেরামত করা প্রয়োজন। আমগ্রাম ইউনিয়নের বিভিন্ন রাস্তা পরিদর্শনের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করেন।

<u>সিদ্ধান্তঃ</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, প্রায় ৩৮ বছর পূর্বে উপজেলা পরিষদ চত্বরে কর্মচারীদের জন্য একটি দোতলা ডরমেটরী ভবন নির্মাণ করা হয়েছিল। বর্তমানে এই ভবনটি অত্যন্ত জরাজীর্ণ হওয়ায় বসবাস অনুপোযোগী হয়ে পড়েছে। ভবনটি ধ্বসে পড়ে যে কোন সময়ে প্রাণহানিসহ বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ কারণে বর্ণিত ভবনটি দ্রুত পরিত্যাক্ত ঘোষণা করে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্তঃ</u> বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ভবনটি দ্রুত পরিত্যাক্ত ঘোষণা করে অপসারণসহ উল্লিখিত স্থানে কর্মচারীদের জন্য দ্রুত নতুন একটি ডরমেটরী ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করেন।

(ঙ) চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর সভায় জানান যে, দীর্ঘ অপেক্ষার পর ছাগলছিড়া হতে দাদোরচর পর্যন্ত রাস্তা কার্পেটিং এর কাজ থেমে থেমে শুরু হয়েছে। ইউনিয়নের গুরুত্বপূর্ণ খাল খনন/সংস্কার করা প্রয়োজন। খালের তালিকা বিএডিসিতে প্রেরণ করা হয়েছে। অস্থায়ী ইউপি ভবনে টয়লেট নির্মাণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। উপজেলা জনস্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ০৪ বছর পূর্বের শ্রীফলতলী গ্রামের ইয়াকুব আলী কাজীসহ আনুমানিক ১৫-২০ টি গভীর নলকূপের প্লাটফরম নির্মাণকাজ বাকী রয়েছে। ঠিকাদার কর্তৃক নলকূপ স্থাপন শেষে সঠিকভাবে ওয়াশ না করার কারণে পানি উঠেনা। আগামী বরাদ্দের গভীর নলকূপ দ্রুত স্থাপনের জন্য অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪-৩৯৯

তারিখঃ ২৭/০৩/২০২৩ খ্রিঃ

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান (সকল), ............................................ ইউনিয়ন পরিষদ, রাজৈর।
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

**উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
**(পরিশিষ্ট-ক)**

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৩। মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর।
০৯। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৮। ডিজিএম পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
২০। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২২। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর।
২৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, রাজৈর, মাদারীপুর।
২৪। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।
২৫। উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর।
২৬। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, রাজৈর।
২৭। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
২৮। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
২৯। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩০। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩১। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩২। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৩। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৪। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৫। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।

**অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
**(পরিশিষ্ট-খ)**

০১। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, রাজৈর।
০৯। সভাপতি, মুক্তক, রাজৈর, মাদারীপুর।
১০। জনাব শাহনাজ বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১১। জনাব উর্মি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১২। জনাব সেলিনা বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১৩। জনাব কহিনুর বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১৪। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
১৫। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর।